

বরাবর

জনাব রেবেকা মোমেন, এমপি

চেয়ারম্যান, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি

বাংলাদেশ জাতীয় সংসদ, শেরে বাংলা নগর, ঢাকা।

জনাব,

চাইল্ড রাইটস অ্যাডভোকেসি কোয়ালিশন ইন বাংলাদেশ এর পক্ষ থেকে শুভেচ্ছা।

সম্প্রতি বিভিন্ন সংবাদ মাধ্যম হতে আমরা জানতে পারি যে, গত ২৪ নভেম্বর ২০১৬ তারিখে মন্ত্রিপরিষদ বাল্যবিবাহ নিরোধ আইন ২০১৬ এর খসড়া অনুমোদন করেছে। প্রণীত এই আইনটি বাংলাদেশের নারী শিশুর অধিকার রক্ষায় খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আমরা আশাবাদী। একই সংগে নারী ও শিশু অধিকার রক্ষায় কর্মরত সংগঠন গুলোর দীর্ঘদিনের দাবির প্রেক্ষিতে মেয়েদের বিয়ের বয়স ১৮ বছর নির্ধারিত রাখায় উন্নয়ন সহযোগী হিসাবে আমরা মাননীয় প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানাই।

তদুপরি আমরা অত্যন্ত উদ্বিগ্ন কেননা আইনটিতে একটি বিশেষ বিধান রাখা হয়েছে এবং বলা হয়েছে “বিশেষ পরিস্থিতিতে অপ্রাপ্ত বয়স্ক মেয়েদের সর্বোত্তম স্বার্থ বিবেচনা করে যথাযথ আইনী প্রক্রিয়ায় বিবাহ কার্য সম্পন্ন হয়ে থাকে তাহলে তা অবৈধ হিসেবে বিবেচনা করা হবে না কিংবা অপরাধ হিসেবে পরিগণিত হবে না।” আইনের এই বিশেষ বিধানটি জাতিসংঘ শিশু অধিকার কনভেনশন এবং সরকারের ঘোষিত শিশু নীতি এবং শিশু আইন এর সাথে অসংগতিপূর্ণ। ‘বাল্যবিবাহ নিরোধ আইন ২০১৬’ এর খসড়ায় বিশেষ ধারার যুক্তি হিসেবে কোন কিশোরীর অনাকাঙ্ক্ষিত গর্ভধারণ বিষয়টি ইতিমধ্যে আলোচনায় এসেছে এক্ষেত্রে বিশেষ বিধান এর পরিবর্তে নিম্নের পদক্ষেপসমূহ বিবেচনা করার জন্য চাইল্ড রাইটস অ্যাডভোকেসি কোয়ালিশন এর পক্ষ থেকে আহ্বান জানাচ্ছি।

প্রতিকারমূলক ব্যবস্থা:

- ইউনিয়ন পর্যায়ে নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধ কমিটিকে সক্রিয় করার মাধ্যমে এবং এ বিষয়ে স্থানীয় পর্যায়ে ব্যাপক সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম গ্রহন করে শিশুর প্রতি সহিংসতা এবং তার অনাকাঙ্ক্ষিত গর্ভধারণ প্রতিরোধ এর জন্য পদক্ষেপ গ্রহন করা। যেহেতু ১৬ বছরের নিচে কন্যা শিশুর সাথে যে কোন ধরনের যৌন কার্যক্রম নারী ও শিশু নির্যাতন দমন আইন অনুসারে ধর্ষণ হিসেবে গন্য হবে। সেহেতু অনাকাঙ্ক্ষিত গর্ভধারণ বিষয়ে প্রচলিত আইন অনুসারেই যথাযথ ব্যবস্থা গ্রহনের সুযোগ রয়েছে, তাই আলাদা করে বিশেষ বিধান রাখার প্রয়োজন নেই।
- বাংলাদেশে বয়ঃসন্ধিকালীন এবং গর্ভপাত পরবর্তী স্বাস্থ্য সেবার যে বিশেষ বিধান রয়েছে তা একই সাথে বিবাহিত এবং অবিবাহিত সকল নারীর জন্য সমানভাবে প্রযোজ্য বিধায় অনাকাঙ্ক্ষিত গর্ভধারণকারীর জন্য নতুন করে ব্যবস্থাপনা তৈরির প্রয়োজন নেই।
- গর্ভবতী কিশোরী মেয়েদের ও তাদের সন্তানদের জন্য পরিবার ভিত্তিক যত্নের প্রতি গুরুত্ব দেয়া এবং পরিবার যদি তা দিতে সক্ষম বা ইচ্ছুক না হয় সেক্ষেত্রে বিকল্প সেবা প্রদানের ব্যবস্থা করা। যেমন, স্থানীয় পর্যায়ে এমন পরিস্থিতিতে শিশুদের থাকার ও লালন পালনের জন্য ডে-কেয়ার এর ব্যবস্থা করা।

Received with thanks
20/11/16
PS to Chair
PSC - MOWCA

প্রতিরোধমূলক ব্যবস্থা:

- বাল্যবিয়ে এবং কিশোরীদের অনাকাঙ্ক্ষিত গর্ভধারণ প্রতিরোধের বিষয়টি বাল্য বিয়ে প্রতিরোধে প্রণীত খসড়া জাতীয় কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত করা এবং কর্মপরিকল্পনাটির কার্যকর প্রতিফলনের জন্য সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়ের সহযোগিতা ও রাজনৈতিক সমর্থন নিশ্চিত করা।
- ধর্ষণ, সংবিধিবদ্ধ ধর্ষণ এবং যৌন সহিংসতার ক্ষেত্রে অপরাধীদের যথাযথ আইনের আওতায় এনে শাস্তি নিশ্চিত করা এবং ভুক্তভোগী শিশু-কিশোরীদের জন্য যথাযথ শারীরিক ও মনোসামাজিক স্বাস্থ্য সেবার ব্যবস্থা করা।
- প্রস্তাবিত বাল্য বিয়ে নিরোধ আইনে উল্লিখিত স্থানীয় বাল্য বিয়ে প্রতিরোধ কমিটির ক্ষমতা বৃদ্ধি করা যেন তারা গর্ভবতী কিশোরীদের প্রয়োজনীয় সেবা প্রদানের জন্য স্থানীয় শিশু কল্যাণ বোর্ড, আইন সংক্রান্ত কর্তৃপক্ষ, শিশু সুরক্ষা সংক্রান্ত কর্তৃপক্ষ, বিদ্যালয় কর্তৃপক্ষ সকলের সাথে সমন্বয় সাধন করতে পারে।
- গর্ভবতী কিশোরী মায়াদের জন্য সব ধরনের স্বাস্থ্য সেবা নিশ্চিত করার পাশাপাশি তাদের আনুষ্ঠানিক ও উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রমে অন্তর্ভুক্তির সুযোগ তৈরি করা এবং অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করার জন্য কারিগরী ও উন্নয়নমূলক কার্যক্রমে অংশগ্রহণ এর ব্যবস্থা করা।

সচেতনতামূলক ব্যবস্থা:

- প্রজনন স্বাস্থ্য সম্পর্কে এবং বাল্য বিবাহ ও এর ক্ষতিকর প্রভাব বিষয়ে শিশু ও কিশোর- কিশোরীদের ধারণা তৈরি এবং সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে পঞ্চম শ্রেণীর পাঠ্য পুস্তকে এ বিষয়ক তথ্যের অন্তর্ভুক্ত করা।
- শিশু, কিশোর -কিশোরী ও তাদের পরিবারসহ স্থানীয় সকল শ্রেণী পেশাজীবী এবং সরকারি বেসরকারি সেবা প্রদানকারী প্রতিষ্ঠান ও ব্যক্তিবর্গকে বাল্য বিয়ের কুফল এবং অপরিণত বয়সে মা হওয়ার পরিণতি সম্পর্কে সচেতন করা।
- কমিউনিটির মধ্যে নারী ও মেয়ে শিশুদের ওপর সংঘটিত যৌন নির্যাতন ও সহিংসতা বিষয়ে আলোচনার ক্ষেত্রে এমন একটি পরিবেশ তৈরি করা যেন তারা তথাকথিত প্রথা ভেঙ্গে যৌন ও প্রজনন স্বাস্থ্য অধিকার বিষয়ে মুক্ত আলোচনা করতে পারে, যৌন নির্যাতন সম্পর্কিত ঘটনার বিষয়ে পরস্পরকে দোষারোপের যে রীতি তা থেকে বিরত থাকে।
- নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে এবং বাল্যবিবাহ প্রতিরোধে পুরুষ ও কিশোরদের নিয়ে সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা।

চাইল্ড রাইটস অ্যাডভোকেসি কোয়ালিশন ইন বাংলাদেশ এর পক্ষ

(স্বাক্ষরিত ও সীলিত)



Secretariat: House 14, Road 35, Gulshan- 2, Dhaka- 1212, Bangladesh, Tel: +880-2-9860167, 8817589, Ext- 148